বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

প্রশাসন বিভাগ

পেট্রোসেন্টার, ৩ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫

নং-২৮.০২.০০০০.০১১.২৬.০০২.১৭-৭৩৪ তারিখ : ৩০.৭.২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ছাড়পত্র নং-২৮.০২.০০০০.০১২.১৫.০০৩.১৪-১৯ তারিখ ০৯.০১.২০১৭-মূলে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর জন্য নিম্নবর্ণিত শূন্যপদসমূহে লোকবল নিয়োগের নিমিত্ত নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নম্বর	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)	২ (দুই)	৳ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯)	অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসমেত সম্মানে দ্বিতীয় শ্রেণি। অথবা ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির অনার্স ডিগ্রী।
২।	সহকারী ব্যবস্থাপক (সেবা)	২ (দুই)	-ঐ-	-ঐ-	প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসমেত সম্মানে দ্বিতীয় শ্রেণি। অথবা ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির অনার্স ডিগ্রী।
৩।	সহকারী ব্যবস্থাপক (ক্রয়)	২ (দুই)	-ঐ-	-ঐ-	প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসমেত সম্মানে দ্বিতীয় শ্রেণি। অথবা ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির অনার্স ডিগ্রী।
৪।	সহকারী ব্যবস্থাপক (সংস্থাপন)	১ (এক)	-ঐ-	-ঐ-	প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসমেত সম্মানে দ্বিতীয় শ্রেণি। অথবা ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির অনার্স ডিগ্রী।
৫।	সহকারী ব্যবস্থাপক (এইচআর)	১ (এক)	-ঐ-	-ঐ-	প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসমেত সম্মানে দ্বিতীয় শ্রেণি। অথবা ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির অনার্স ডিগ্রী।
৬।	সহকারী ব্যবস্থাপক (নিরাপত্তা)	১ (এক)	-ঐ-	-ঐ-	প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসমেত সম্মানে দ্বিতীয় শ্রেণি। অথবা ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির অনার্স ডিগ্রী।
৭।	সহকারী ব্যবস্থাপক (অর্থনীতি)	১ (এক)	-ঐ-	-ঐ-	প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসমেত সম্মানে দ্বিতীয় শ্রেণি। অথবা ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির অনার্স ডিগ্রী।
৮।	সহকারী ব্যবস্থাপক (হিসাব)	২ (দুই)	-ঐ-	-ঐ-	বাণিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি/সিএ অথবা আইসিএমএ (ইন্টারমেডিয়েট)/এমবিএ। অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির সম্মান ডিগ্রী।
৯।	সহকারী ব্যবস্থাপক (এফএম)	২ (দুই)	-ঐ-	-ঐ-	বাণিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি/সিএ অথবা আইসিএমএ (ইন্টারমেডিয়েট)/এমবিএ। অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির অনার্স ডিগ্রী।
১০।	সহকারী ব্যবস্থাপক (অর্থ)	১ (এক)	-ঐ-	-ঐ-	বাণিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি/সিএ অথবা আইসিএমএ (ইন্টারমেডিয়েট)/ এমবিএ। অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির অনার্স ডিগ্রী।
১১।	সহকারী ব্যবস্থাপক (নিরীক্ষা)	১ (এক)	-ঐ-	-ঐ-	বাণিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি/সিএ অথবা আইসিএমএ (ইন্টারমেডিয়েট)/এমবিএ। অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির অনার্স ডিগ্রী।
১২।	সহকারী ব্যবস্থাপক (চিকিৎসা)	১ (এক)	-ঐ-	-ঐ-	এমবিবিএস।

ক্রঃ নম্বর	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (গ্রেড)	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১৩।	সহকারী ব্যবস্থাপক (ইঞ্জিনিয়ারিং)	২ (দুই)	৳ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯)	অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	সিভিল/ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল/মাইনিং বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। অথবা ৫ বছরের অভিজ্ঞতাসমেত সিভিল/ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল/মাইনিং বিষয়ে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং।
১৪।	সহকারী ব্যবস্থাপক (স্ট্যাটিজিক প্লানিং)	১ (এক)	-ঐ-	-ঐ-	সিভিল/মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসমেত সিভিল/মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল বিষয়ে ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং। অথবা স্ট্যাটিসটিক্স/ইকোনমিক্স বিষয়েপ্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসমেত সম্মানে দ্বিতীয় শ্রেণি। অথবা স্ট্যাটিসটিক্স/ইকোনমিক্স বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির সম্মান ডিগ্রী।
১৫।	সহকারী ব্যবস্থাপক (কন্সট্রাকশন)	১ (এক)	-ঐ-	-ঐ-	সিভিল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসমেত সিভিল বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং।
১৬।	সহকারী ব্যবস্থাপক (হার্ডওয়্যার এন্ড সফটওয়্যার)	১ (এক)	-ঐ-	-ঐ-	(ক) ফিজিক্স/এ্যাপ্লাইড ফিজিক্স/ম্যাথমেটিক্স/স্ট্যাটিসটিক্স/ইকোনমিক্স/কম্পিউটার সায়েন্স/সোসিওলজি/বিজনেস এডমিনেস্ট্রেশন-এ মাস্টার্স অথবা সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির সম্মান ডিগ্রী। (খ) প্রোগ্রামিং-এর স্ট্যান্ডার্ড এ্যাপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ হতে হবে। (গ) স্বীকৃত কম্পিউটার প্রফেশনাল সোসাইটির এসোসিয়েট মেম্বারশীপ।
১৭।	সহকারী ব্যবস্থাপক (ইঞ্জি/জিওলজি)	১ (এক)	-ঐ-	-ঐ-	মাইনিং/সিভিল/মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। অথবা ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসমেত মাইনিং/সিভিল/মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। অথবা জিওলজি বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তরসমেত সম্মানে দ্বিতীয় শ্রেণি। অথবা জিওলজি বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণির সম্মান ডিগ্রী।

অন্যান্য শর্তাবলি :

১। অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:

(ক) ৩০.৮.২০১৭ তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদান শুরু হবে।

(খ) ২৫.৯.২০১৭ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র জমাদান অবশ্যই সম্পন্ন করতে হবে।

(গ) শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা (অর্থাৎ ২৮.৯.২০১৭ তারিখ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত) SMS-এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। অনলাইনে আবেদন করার পদ্ধতি :

(ক) প্রার্থীকে Teletalk Bangladesh Ltd.-এর Web address (http://bogmc.teletalk.com.bd) অথবা বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর Web address (www.petrobangla.org.bd)-এর মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪.০১ তারিখ ২৯.১২.২০১৪ অনুযায়ী চাকরির আবেদনপত্রের মডেল ফরম অনুসরণে পেট্রোবাংলা কর্তৃক নির্ধারিত ফরমে আবেদনপত্র পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করলে Advertisement, Instructions for Submitting Application এবং ১৭ (সতের) ক্যাটাগরীর পদের জন্য নির্ধারিত Application Form (আবেদন ফরম)-এর রেডিও বাটন দেখা যাবে। Advertisement-এর রেডিও বাটন ক্লিক করলে বিজ্ঞাপন পাওয়া যাবে। বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর Web address (www.petrobangla.org.bd)-এ আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেয়া আছে।

ফরম পূরণের পূর্বে প্রার্থী এ instructions অংশটি download করে প্রতিটি নির্দেশনা ভাল করে আয়ত্ত করে Application Form-এর প্রতিটি Field-এ প্রদত্ত তথ্য/নির্দেশনা অনুসরণ করত: ফরম পূরণ করতে হবে এবং লাল তারকা চিহ্ন Field-সমূহ অবশ্যই পূরণ করতে হবে। জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর অবশ্যই দাখিল করতে হবে।

(খ) **ছবি (Photo) :** আবেদন ফরম (Application Form) সঠিকভাবে পূরণ সম্পন্ন হলে Application ফরমটির Preview দেখা যাবে। Preview-এর নির্ধারিত স্থানে প্রার্থীকে নির্দিষ্ট মাপের নিজের রঙিন ছবি Scan করে Upload করতে হবে। সাদা-কালো ছবি গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, ছবির আকার হবে ৩০০×৩০০ Pixel (JPG Format), কোনভাবেই এর কম/বেশী নয় এবং File size হবে সর্বোচ্চ ১০০ KB. উল্লিখিত মাপের ছবি না হলে আবেদনপত্র বাতিল হবে। সাইড ভিউ/সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home Page-এর Help menu-তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

(গ) **স্বাক্ষর (Signature) :** Application Preview তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে নিজের স্বাক্ষর Scan করে Upload করতে হবে। উল্লেখ্য, স্বাক্ষরের আকার হবে ৩০০×৮০ Pixel (JPG Format), কোনভাবেই এর কম বা বেশী নয় এবং File size হবে সর্বোচ্চ ৬০ KB. উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রার্থীর নির্দিষ্ট মাপের স্বাক্ষর না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঘ) **ঘোষণা (Declaration) :** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (Application Form) ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন অনিয়মের আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং ভবিষ্যতে Petrobangla কর্তৃক তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঙ) **SMS পাঠানোর নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান :** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনামতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে, কম্পিউটারে ছবিসহ Application Preview কপি দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে, প্রার্থী একটি User ID-সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি applicant's copy পাবে। উক্ত applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's কপিতে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে Teletalk Bangladesh Ldt. কর্তৃক SMS-এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০০.০০(পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) জমা দিতে হবে।

(i) ***প্রথম SMS:*** *BOGMC<space>User_ID লিখে send করুন ১৬২২২ নম্বরে।*
Example: ***BOGMC M27313*** *and send to 16222.*

Reply: *with verification, Applicant's Name, POST Name, Text as per BOGMC and generation of a PIN. Tk-500.00 will be charged as application fee. Your PIN is (8 digit number) 12345678.*

(ii) ***দ্বিতীয় SMS :*** *BOGMC<Space>Yes<Space>PIN লিখে send করুন ১৬২২২ নম্বরের।*
Example: ***BOGMC YES 12345678***

Reply: *Congratulation Applicant's Name, payment completed successfully for BOGMC Application for xxxxxxxxxxxx User ID is (xxxxxx) and Password (xxxxxx).*

"বিশেষভাবে উল্লেখ্য, আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submission করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না"।

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bogmc.teletalk.com.bd অথবা বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর ওয়েব সাইটে (www.petrobangla.org.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছণীয়।

SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্যসম্বলিত প্রবেশপত্র প্রার্থী download-পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে, মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(ছ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নেবর্ণিত এসএমএস পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন। User ID জানা থাকলে, BOGMC<Space>Help<Space>User<Space>User ID & send to 16222.

Example: BOGMC HELF USER ABCDEF

PIN নম্বর জানা থাকলে, BOGMC<Space>Help<Space>PIN<Space>PIN No & send to 16222.

Example: BOGMC HELF PIN 12345678

৩। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে এবং পেট্রোবাংলার ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।

৪। সকল পদের জন্য প্রার্থীর বয়স আবেদনের শুরুর তারিখ অর্থাৎ ৩০.৮.২০১৭ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে আবেদনকারী প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য করা হবে। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

৫। গ্রহণযোগ্য চাকুরিপ্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে ১টি পদের বিপরীতে সর্বাধিক ৬জন প্রার্থীকে সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে।** প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকালে নির্ধারিত আবেদন ফরমে প্রার্থীর উল্লিখিত তথ্য প্রমাণের জন্য আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র/সার্টিফিকেট মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণকারী কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন/জমা দিতে হবে :

(ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে)-এর সকল মূল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে এবং এর সকল কপি (এক সেট) জমা দিতে হবে ;

(খ) সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সার্টিফিকেট ;

(গ) ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান, পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট ;

(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকুরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হবে) ;

(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরিপ্রার্থীর পিতা/মাতা এবং পিতা-মাতার পিতা/মাতা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবেন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০৭৭.০১.০৪৬.০০.০৪.২০১০-৩৫৬ তারিখ ০৭.১১.২০১০ মোতাবেক যাঁদের নাম মুক্তিবার্তা পত্রিকায় প্রকাশিত হয়েছিল; অথবা বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছিল ; অথবা যাঁরা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বাক্ষরযুক্ত সনদপত্র (certificate) গ্রহণ করেছেন। এক্ষেত্রে প্রমাণক হিসেবে এর মূল সনদ প্রদর্শন এবং এর সত্যায়িত কপিসহ চাকুরিপ্রার্থী মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

(চ) উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত উপজাতীয় বিষয়ক সার্টিফিকেটের কপি জমা দিতে হবে। অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যথোপযুক্ত অফিসার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের কপি জমা দিতে হবে ;

(ছ) বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশী বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে ;

(জ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র প্রদর্শন এবং এর কপি দাখিল করতে হবে ;

(ঝ) সকল সার্টিফিকেট/রেকর্ডপত্র সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে ;

৬। এ নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি/নির্দেশ মোতাবেক সকল প্রকার কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৭। অসম্পূর্ণ/ভুল তথ্যসংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১০। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।

১১। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মহাব্যবস্থাপক (প্রশাসন)